



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশিবাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/নওগাঁ-২১/৬৫৪৬/৬

তারিখ: ২০, অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ
২৫, নভেম্বর, ২০২০ খ্রি.

বিষয়: ম্যানেজিং কমিটি বাতিলকরণ প্রসঙ্গে

সূত্র: ১) নং-বামাশিবো/প্রশাসন/নওগাঁ-২১/৭১৯; তারিখ: ০৫/০৩/২০২০ খ্রি.
২) চকবাবন বৈলশিং দাখিল মাদ্রাসার স্মারক নং-চ.বৈ.দা.মা/২০২০/০৪৬; তারিখ: ১২/০৩/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নওগাঁ জেলার মান্দা উপজেলাধীন চকবাবন বৈলশিং দাখিল মাদ্রাসায় অত্র বোর্ড কর্তৃক অনুমোদিত চলমান ম্যানেজিং কমিটির অধিকাংশ সদস্য পদত্যাগ করায় মাদ্রাসার সুপার ম্যানেজিং কমিটি ভেঙ্গে দিয়ে এডহক কমিটি গঠনের অনুমতির জন্য আবেদন করেছেন। স্থানীয় মাননীয় সংসদ সদস্য জনাব মুহাঃ ইমাজ উদ্দিন প্রাং, ৪৯ নওগাঁ-৪, এডহক কমিটি গঠনের নীতিমালা অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সুপারিশ করেছেন।

বর্ণিত অবস্থায়, চলমান ম্যানেজিং কমিটির অধিকাংশ সদস্য পদত্যাগ করায় উক্ত কমিটি কেন ভেঙ্গে দেয়া হবে না সে বিষয়ের সুস্পষ্ট লিখিত জবাব প্রেরণের জন্য সূত্রোক্ত ১নং স্মারকের মাধ্যমে মাদ্রাসা প্রধানকে পত্র দেয়া হয়।

মাদ্রাসা প্রধান সূত্রোক্ত ২নং স্মারকে জবাব দাখিল করেছেন। নিয়মিত কমিটি ভেঙ্গে দিয়ে প্রতিষ্ঠানের স্বার্থে এডহক কমিটি গঠনের অনুমতি প্রদান করলে প্রতিষ্ঠান প্রধানের কোন আপত্তি নেই মর্মে উল্লেখ করেছেন।

বর্ণিত অবস্থায়, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/ ২২১১৯১২৩২৭৪১/১৬৯৭০/নথি নং-২১; তারিখ: ১৮/০৩/২০১৯ খ্রি. স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটি এতদ্বারা বাতিল করা হলো।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

মোঃ সিদ্দিকুর রহমান

রেজিস্ট্রার

ফোন: ৯৬১২৮৫৮

ই-মেইল: registrar@bmeb.gov.bd

সুপার/ভারপ্রাপ্ত সুপার, চকবাবন বৈলশিং দাখিল মাদ্রাসা,
ডাকঘর: বৈদ্যপুর, উপজেলা: মান্দা, জেলা: নওগাঁ।

নং-বামাশিবো/প্রশাসন/নওগাঁ-২১/

তারিখ: অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ
নভেম্বর, ২০২০ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, নওগাঁ;
২. জেলা শিক্ষা অফিসার, নওগাঁ;
৩. উপজেলা নির্বাহী অফিসার, মান্দা, নওগাঁ;
৪. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মান্দা, নওগাঁ;
৫. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।

মোঃ ওমর ফারুক

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

ফোন: ৯৬৭৪৮৭৪

ই-মেইল: dradmin@bmeb.gov.bd